ঝিনাইদহে দুস্থ নারীদের মাঝে বিনামূল্যে গরুর বাছুর বিতরণ

ঝিনাইদহে নারীদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে পরিবারের আর্থিক স্বচ্ছলতা বাড়াতে দুস্থ, অসহায় ও হতদরিদ্র পরিবারদের মাঝে বিনামূল্যে বকনা গরুর বাছুর বিতরণ করা হয়েছে।

গতকাল সকালে সদর উপজেলার হরিশংকরপুর ইউনিয়নের পরানপুর গ্রামে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অর্থায়নে এ অনুষ্ঠানের আয়োজন করে ঝিনাইদহের যৌথ অগ্রসরমান সৃজক সংস্থা (জাগো)।

জাগো’র নির্বাহী পরিচালক সাজ্জাদুল শরীফ’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. জিল্লুর রহমান এনডিসি।

সেসময় উপস্থিত ছিলেন হরিশংকরপুর ইউনিয়নের সদস্য আব্দুল বারী, সংরক্ষিত নারী আসনের সদস্য সালমা খাতুন, জাগোর নির্বাহী সদস্য সাইফুল ইসলাম, প্রকল্প সমন্বয়ক এস এম নাজির আরেফিনসহ অন্যান্যরা।

অনুষ্ঠানে সদর উপজেলার হরিশংকরপুর ইউনিয়নের পরানপুর গ্রামের ৫ জন নারীর মাঝে গরুর বকনা বাছুর বিতরণ করা হয়। এর আগে গাভী পালনের উপর ওই নারীদের ১ দিনের প্রশিক্ষণ প্রদাণ করা হয়। প্রশিক্ষণ প্রদাণ করেন সদর প্রাণীসম্পদ কর্মকর্তা ডা: তারেক হাসান মুসা।

ঝিনাইদহে বিনামুল্যে গরুর বাছুর বিতরণ

গাভী পালনের মাধ্যমে নারীদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ঝিনাইদহে অসহায়-দুস্থ নারীদের মাঝে বিনামুল্যে গরুর বাছুর বিতরণ করা হয়েছে।

আজ রোববার সকালে সদর উপজেলার হরিশংকরপুর ইউনিয়নের বাকড়ি সরকারি

প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের বিশেষ বরাদ্ধ’র অর্থায়নে ও যৌথ অগ্রসরমান সৃজক সংস্থা (জাগোর) বাস্তবায়নে ওই এলাকার ১০ জন অসহায়-দুস্থ নারীদের মাঝে গরুর বকনা বাছুর বিতরণ করা হয়।
এডাব ঝিনাইদহ জেলা শাখার সভাপতি মিজানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. জিল্লুর রহমান এনডিসি। বিশেষ অতিথি ছিলেন কৃষক বন্ধু সমাজকল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক আবু সাঈদ সিকদার, হরিশংকরপুর ইউনিয়নের নারী ইউপি সদস্য সালমা খাতুন, জাগোর নির্বাহী পরিচালক সাজ্জাদুল শরীফ, নির্বাহী সদস্য সাইফুল ইসলাম সদস্য মজনুর রহমান, প্রকল্প সমন্বয়ক এস এম নাজির আরিফিন। অনুষ্ঠানে আলোচনা সভা শেষে হরিশংকরপুর ইউনিয়নের ৩ টি গ্রামের ১০ জন দুস্থ নারীদের মাঝে বকনা বাছুর বিতরণ করেন প্রধান অতিথি ড. জিল্লুর রহমান এনডিসি।